



සර්වසේවා සේවා

සෑම සේවා සම්පූර්ණයෙන්ම සම්පූර්ණ සේවා ට සේවා, සම්පූර්ණ

**Job Category:** Security/Protective Services

**Job Source:** The Daily Star

## Job Summary

**Posted On:** 19 Nov 2024

**Application Deadline:** 26 Dec 2024







## শেখ রাসেল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, জাজিরা

শেখ রাসেল সেনানিবাস, জাজিরা, শরীয়তপুর

### নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নংঃ এসআরসিপিএসসি/০৯/২০২৪

বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত শেখ রাসেল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, জাজিরা এ নিম্নবর্ণিত শূন্য পদে (শিক্ষক-কর্মচারী) নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	বিষয় ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল ও গ্রেড	মন্তব্য
১.	প্রভাষকঃ ইংরেজি-০৩, বাংলা-০২, গণিত- ০১, পদার্থ-০১, রসায়ন-০১, জীববিজ্ঞান-০১, হিসাববিজ্ঞান-০১, ব্যবস্থাপনা-০১, মার্কেটিং-০১, ইতিহাস-০১, আইসিটি- ০২, যুক্তিবিদ্যা-০১, কৃষিশিক্ষা-০১, ভূগোল-০১, পৌরনীতি-০১	১। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রী। শিক্ষাজীবনের কোন স্তরে ৩য় বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। বয়স সর্বোচ্চ ৩৫ বছর। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। ২। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	বেতন গ্রেডঃ ৯ম (২২০০০- ৫৩০৬০)	
২.	ড্রাইভার-০২	কমপক্ষে এসএসসি পাশ। হেভি ড্রাইভিং লাইসেন্স এবং পাঁচ বছরের বাস ও মাইক্রোবাস চালানোর বাস্তব অভিজ্ঞতা ও মেডিকেল ফিটনেস থাকতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের এবং অবসরপ্রাপ্ত সেনা সদস্যদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।	বেতন গ্রেডঃ ১৪তম (১০২০০- ২৪৬৮০)	প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, উৎসব ভাতা এবং শিক্ষানবিশকাল শেষে চাকুরী স্থায়ী হওয়া স্বাপক্ষে ইনসেন্টিভ, প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি সুবিধা প্রদান করা হবে।
৩.	কম্পিউটার অপারেটর-০৩	যেকোন বিভাগে স্নাতক/সমমান ডিগ্রী। শিক্ষাজীবনের কোন স্তরে ৩য় বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে বেসিক কম্পিউটার কোর্সে কমপক্ষে ৬ মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত। বয়স সর্বোচ্চ ৩৫ বছর। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের এবং অবসরপ্রাপ্ত সেনা সদস্যদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।	বেতন গ্রেডঃ ১৬তম (৯৩০০- ২২৪৯০)	
৪.	নিরাপত্তা প্রহরী/নাইট গার্ড/অফিস সহায়ক- ০৬	১। ন্যূনতম ৮ম শ্রেণি/জেএসসি পাশ (বয়স সর্বোচ্চ ৩৫ বছর)। ২। স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	বেতন গ্রেডঃ ২০তম (৮২৫০- ২০০১০)	

- আগামী ২৬/১২/২০২৪ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে নির্দিষ্ট আবেদন ফরম ডাউনলোড করে হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র অধ্যক্ষ, শেখ রাসেল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, জাজিরা, শেখ রাসেল সেনানিবাস, জাজিরা, শরীয়তপুর পৌছাতে হবে অথবা প্রতিষ্ঠানের ওয়েবসাইট ([www.srcpsc-zajira.edu.bd](http://www.srcpsc-zajira.edu.bd)) এর Recruitment অপশন থেকে আবেদন করা যাবে। প্রার্থীদেরকে ওয়েবসাইট হতে Applicant Copy/Admit Card কালার প্রিন্ট করে সাথে নিয়ে আসতে হবে।
- লিখিত পরীক্ষার তারিখ ও ফলাফল প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ডেমো ক্লাস/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় SMS এর মাধ্যমে জানানো হবে।
- আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রের সাথে অধ্যক্ষ, শেখ রাসেল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, জাজিরা এর অনুকূলে ১নং পদের জন্য ৮০০/- (আটশত) টাকা এবং ২-৪নং পদের জন্য ৩০০ (তিনশত) টাকা (অফেরতযোগ্য) এসআরসিপিএসসি রিক্রুটমেন্ট ফান্ড, ট্রাস্ট ব্যাংক লিঃ, শেখ রাসেল সেনানিবাস শাখা, হিসাব নং ০১০৯-০২১০০০০৯৬ বরাবর জমা প্রদান করে জমা স্লীপ সংযুক্ত আকারে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে (মোবাইল নম্বরসহ), সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত রসিদ ছবি এবং নিজ ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স গণনার ক্ষেত্রে আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর ২০২৪ গণ্য করা হবে।
- প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আবেদনপত্র বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন ও সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

আইএসপিআর/সেনা/২০২৪/৬৯৫

১৯/১১/২৪

জিডি-১০০১

অধ্যক্ষ